জীবননগর যুবদল ও ছাত্রদলের নির্বাচনী কর্মশালা

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে চুয়াডাঙ্গার জীবননগরে যুবদল ও ছাত্রদলের কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত ছাত্রদলের কর্মশালা অনুষ্ঠিত হয়। পরে দুপুর সাড়ে ১২টার দিকে যুবদলের কর্মশালা শুরু হয়। এই কর্মশালা চলে বেলা দেড়টা পর্যন্ত। মনোহরপুর স্কুল মাঠে এই কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালায় প্রধান অতিথি হিসেবে নির্বাচনী প্রশিক্ষণ দেন বিজিএমইএর সভাপতি, চুয়াডাঙ্গা জেলা বিএনপির সভাপতি ও চুয়াডাঙ্গা- ২ আসনে বিএনপি মনোনীত প্রার্থী মাহমুদ হাসান খান বাবু। এ সময় তিনি ছাত্রদল ও যুবদলের নেতাকর্মীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। তিনি বলেন, টিম অনুযায়ী কাজ করতে হবে; বিশৃঙ্খলা করা যাবে না; কোনো প্রশ্নের উত্তর না জানলে নিজের মতো করে উত্তর দেওয়া যাবে না।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক খালিদ মাহমুদ মিল্টন, জীবননগর উপজেলা বিএনপির সভাপতি আনোয়ার হোসেন খান খোকন, সাধারণ সম্পাদক শাহজাহান আলী এবং সিনিয়র সহসভাপতি আবুল কালাম আজাদ।

ছাত্রদলের পক্ষে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা ছাত্রদলের আহ্বায়ক জিল্লুর রহমান, সদস্যসচিব মো. মোকছেদুর রহমান রিমন, যুগ্ম আহ্বায়ক গোলাম রব্বানী, জীবননগর ডিগ্রি কলেজ ছাত্রদলের সভাপতি রিংকু এবং সাধারণ সম্পাদক ফরহাদ।

এদিকে যুবদলের পক্ষে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা যুবদলের আহ্বায়ক মঈন উদ্দীন ময়েন, পৌর যুবদলের আহ্বায়ক হযরত আলী, উপজেলা যুবদলের সদস্যসচিব কামরুল ইসলাম, পৌর যুবদলের সদস্যসচিব মো. মনির হোসেন, উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক মো. সাইফুল ইসলাম, মো. মিনাজুল ইসলাম, মো. সাইদুর রহমান রানা, সরোয়ার হোসেন, পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক মো. আনার হোসেন, মো. জহিরুল ইসলাম মিঠু, মো. আজমত আলী, মো. আব্দুল আলীম এবং মো. মতিয়ার রহমান।

বিএনপির নির্বাচনী জনসভা উপলক্ষে দামুড়হুদায় প্রস্তুতিমূলক সভা

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে আগামী বুধবার দামুড়হুদার হাউলী ইউনিয়নের লোকনাথপুর হেলিপোর্ট মাঠে কেন্দ্রীয় বিএনপির নির্বাচনী সমাবেশ ও জনসভা অনুষ্ঠিত হবে।

এ উপলক্ষে সোমবার বেলা সাড়ে তিনটায় ডুগডুগি সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে হাউলী ইউনিয়ন বিএনপির উদ্যোগে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় জনসভা সফল করতে সার্বিক প্রস্তুতি, গণসংযোগ ও সাংগঠনিক দিকগুলো নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করা হয়।

হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত এ প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি আব্দুল ওয়াহেদ, সহসভাপতি সলেমান মল্লিক, হাউলী ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, সহসভাপতি মহিউদ্দিন, সাংগঠনিক সম্পাদক মালেক রুস্তম, উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক রকিবুল হাসান তোতা, হাউলী ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সভাপতি তরিকুল ইসলাম, সাধারণ সম্পাদক (ভারপ্রাপ্ত) ইদ্রিস আলী, ইউনিয়ন কৃষক দলের সাধারণ সম্পাদক মমিনুল ইসলাম মমিন, ইউনিয়ন ছাত্রদলের সভাপতি ফারুক হুসাইন বাবু এবং হাউলী ইউনিয়নের ৯টি ওয়ার্ডের বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীবৃন্দ।

সভায় জানানো হয়, চুয়াডাঙ্গা জেলা বিএনপির সভাপতি ও কেন্দ্রীয় বিএনপির উপ-কোষাধ্যক্ষ মাহমুদ হাসান খান বাবুর সভাপতিত্বে অনুষ্ঠিতব্য জনসভাটি হবে হাউলী ইউনিয়নের অন্যতম বৃহৎ রাজনৈতিক সমাবেশ। স্থানীয় নেতারা আশা প্রকাশ করেন বিপুল উপস্থিতিতে আগামী বুধবারের নির্বাচনী জনসভা সফলভাবে সম্পন্ন হবে। প্রস্তুতি সভার সঞ্চালনা করেন হাউলী ইউনিয়ন বিএনপির যুগ্ম সম্পাদক কামরুজ্জামান।

দামুড়হুদা মডেল থানার ওসি হুমায়ূন কবিরের বদলীজনিত বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) হুমায়ূন কবিরের বদলীজনিত কারণে বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার সন্ধ্যার পরে থানার সকল অফিসার ফোর্সদের আয়োজনে ওসি হুমায়ূন কবিরের কক্ষে এই বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে তাকে বিদায় ক্রেস্ট প্রদান করা হয়। বিদায় মুহূর্তে থানার অফিসাররা তার কর্মদক্ষতা, মানবিক আচরণ ও থানার সার্বিক শৃঙ্খলা বজায় রাখার ভূমিকার প্রশংসা করেন।

জানা গেছে, তিনি বদলি হয়ে মেহেরপুর জেলায় যোগদান করবেন। সংবর্ধনা শেষে সহকর্মীরা তার ভবিষ্যৎ কর্মস্থলের জন্য শুভকামনা জানান।

দর্শনায় বিএনপি-আওয়ামী লীগসহ ১০২ জন কর্মী-সমর্থকের জামায়াতে যোগদান

চুয়াডাঙ্গা সদর থানার দর্শনায় লালনভক্ত বিএনপি-আওয়ামী লীগের ১০২ জন কর্মী-সমর্থক আনুষ্ঠানিকভাবে জামায়াতে ইসলামীতে যোগদান করেন। জেলা জামায়াতের আমীর রুহুল আমিন যোগদানকারীদের ফুল দিয়ে বরণ করে নেন। জামায়াতে ইসলামীর আদর্শে অনুপ্রাণিত হয়ে তারা যোগদান করেন। গতকাল রোববার বিকেলে দর্শনা থানার তিতুদহ ইউনিয়নের বলদিয়া

গ্রামের একটি মাদ্রাসায় এ যোগদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আমাদের রাজনীতির একটি ভিশন আছে। আমাদের রাজনীতি যেনতেনো নয়। আমাদের দর্শন শুধু ভোটাভুটি না। আসমান-জমিন সবকিছু আল্লাহর, তাই এখানে আইন চলবে আল্লাহর। আমরা সকল জায়গায় আল্লাহর আইন ও বিধান কায়েম করতে চাই। সকল ক্ষমতার উৎস জনগণ নয়, সকল ক্ষমতার উৎস আল্লাহ। আল্লাহর বিধান চালু হলে দুনিয়াতে শান্তি আর আখিরাতে মুক্তি মিলবে। ৫ তারিখের পরে আমাদের পেশা পরিবর্তন হয়নি, আমরা যেমন ছিলাম তেমনই আছি। কিছু মানুষ আলাদিনের চেরাগ পেয়েছে। আমরা টাকা ইনকামের জন্য রাজনীতি করি না। আমরা মানবতার কল্যাণ সাধন করতে চাই, সত্যের পথে থাকতে চাই। জামায়াতের কর্মীরা সবাই চাঁদাবাজি, দুর্নীতি ও মাদকমুক্ত। আমরা বলতে পারি আসুন আখিরাতের চিন্তা করে দুনিয়াতে শান্তি নিয়ে বসবাস করি। তিনি বলেন, সব দল দেখা শেষ দাঁড়িপাল্লার বাংলাদেশ।

এ সময় আরও বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর চুয়াডাঙ্গা জেলা ইউনিট সদস্য আব্দুর রউফ, দর্শনা থানা আমীর রেজাউল করিম মাস্টার, চুয়াডাঙ্গা জেলা ছাত্রশিবিরের সভাপতি সাগর হোসেন। এছাড়াও উপস্থিত ছিলেন দর্শনা থানা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সহ-সভাপতি আবুল কালাম, তিতুদহ ইউনিয়ন যুব বিভাগের সভাপতি লিটন হোসেন, সমাজকল্যাণ বিষয়ক সভাপতি শফিকুল ইসলাম, শ্রমিক কল্যাণ ফেডারেশন সভাপতি মাসুদুর রহমান, ইউনিয়ন টিম সদস্য আলমগীর হোসেন, হাফিজুর রহমান প্রমুখ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন তিতুদহ ইউনিয়ন জামায়াতে ইসলামীর সেক্রেটারি মাহাবুব হাসান। যোগদান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন তিতুদহ ইউনিয়ন জামায়াতের আমীর রফিজ উদ্দিন মাস্টার।

লালনভক্ত বিএনপি-আওয়ামী লীগসহ ১০২ জন কর্মী-সমর্থক আনুষ্ঠানিকভাবে জামায়াতে ইসলামীতে যোগদান করেন।

দর্শনার তিতুদহ ইউনিয়ন জামায়াতে ইসলামীর আমীর রফিজ উদ্দিন মাস্টার জানান, লালনভক্তরা জামায়াতের আদর্শে অনুপ্রাণিত হয়ে যোগদান করেছেন। লালনভক্তরা লালনের কৃষ্টি–কালচারের মধ্যে দিন-দুনিয়া এবং ইসলামের কোনো কিছু খুঁজে না পেয়ে ইসলাম ও আল্লাহকে বুকে ধারণ করে যোগদান করেছেন। তাদের পাশে তারা সর্বদা থাকবেন। আজ ১০২ জন যোগদান করেছেন।

আলমডাঙ্গায় ভয়াবহ অগ্নিকাণ্ডে দিনমজুর কৃষক নিঃস্ব

আলমডাঙ্গা উপজেলার ভাংবাড়ীয়া ইউনিয়নের পাগলা পাড়ায় গতকাল রবিবার রাতে এক হৃদয়বিদারক অগ্নিকাণ্ডে নিঃস্ব হয়ে পড়েছেন দিনমজুর কৃষক আনিসুজ্জামান।

প্রাথমিক তথ্য অনুযায়ী, রাত আনুমানিক ১০টার দিকে হঠাৎ তার বাড়ির রান্নাঘর দিক থেকে আগুনের সূত্রপাত হয়। মুহূর্তের মধ্যেই আগুন দাউ দাউ করে ছড়িয়ে পড়ে বাড়ির রান্নাঘর, গোয়ালঘর ও বসতঘরের গুরুত্বপূর্ণ অংশে।

স্থানীয়রা জানান, আগুন এত দ্রুত ছড়িয়ে পড়ে যে কাউকে কিছু বাঁচানোর সুযোগই হয়নি। গোয়ালঘরে থাকা একটি গরু পুড়ে মারা যায়, যা পরিবারের জন্য সবচেয়ে বড় আর্থিক ক্ষতি হিসেবে ধরা হয়েছে। এছাড়া প্রায় পঞ্চাশটি দেশি মুরগি, ধান, চাল, গম, ভুট্টা, আসবাবপত্র, ঘরের টিনসহ ঘরের প্রায় সব মালামালই মুহূর্তের মধ্যে পুড়ে ছাই হয়ে যায়।

অগ্নিকাণ্ডে আনিসুজ্জামান পরিবারের আনুমানিক দুই থেকে আড়াই লক্ষ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে প্রাথমিকভাবে জানা গেছে। ফলে পরিবারটি সম্পূর্ণ নিঃস্ব হয়ে পড়েছে এবং শোকে স্তব্ধ হয়ে গেছে পুরো পাড়া।

ঘটনার খবর পাওয়ার পর ভাংবাড়ীয়া ইউনিয়ন বিএনপির সভাপতি টিপু সুলতান দ্রুত ঘটনাস্থলে উপস্থিত হন। তিনি ক্ষতিগ্রস্ত বাড়ি পরিদর্শন করে পরিবারের সার্বিক খোঁজখবর নেন এবং প্রয়োজনীয় সহায়তার আশ্বাস দেন। অগ্নিকাণ্ডে প্রাণী ও সম্পদের এমন ধ্বংসযজ্ঞ দেখে তিনি গভীর শোক প্রকাশ করেন।

দিনমজুর আনিসুজ্জামানের পরিবার দৈনিক আয়ের ওপর নির্ভরশীল হওয়ায় আগুনে ঘরবাড়ি, খাদ্যশস্য, গরু-মুরগি সব হারিয়ে এখন দিশেহারা অবস্থায় দিন কাটাচ্ছে। গ্রামবাসী জানিয়েছেন, ক্ষতিগ্রস্ত পরিবারকে জরুরি ভিত্তিতে সরকারি ও বেসরকারি সহায়তা প্রদান করা

প্রয়োজন, যাতে তারা পুনরায় ঘরবাড়ি গড়ে তুলে স্বাভাবিক জীবনে ফিরতে পারেন।

দর্শনায় বেগম খালেদা জিয়ার রোগমুক্তি ও সুস্থতা কামনায় দোয়া

দর্শনায় জাতীয়তাবাদী শ্রমিকদলের উদ্যোগে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি ও সুস্থতা কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বিকেলে আছরের নামাজের পর দর্শনা মুক্তমঞ্চে এ দোয়া মাহফিল আয়োজন করা হয়। দলের নেতা-কর্মীরা সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার দ্রুত রোগমুক্তি ও সুস্থতার জন্য দোয়া করেন।

দোয়া পরিচালনা করেন দর্শনা কেন্দ্রী জামে মসজিদের পেশ ইমাম জুনাইদ আল আজাদ।

দোয়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা শ্রমিকদলের সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম সাবু, দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট, অন্যতম সমন্বয়ক আলহাজ্ব মোঃ মশিউর রহমান, সমন্বয়ক লুৎফর রহমান, মাহবুবুর উল ইসলাম খোকন, রেজাউল হক, জেলা শ্রমিকদলের সাংগঠনিক সম্পাদক সাঈদ আহমেদ ফারুখ, আব্দুল মান্নান, সাবেক ভিপি হারুন অর রশিদ, রেলবাজার দোকান মালিক সমিতির সভাপতি তোফায়েল হোসেন, সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন রতন, শ্রমিক নেতা আলমগীর হোসেন, আলাউদ্দিন, স্বেচ্ছাসেবক দলের মান্নান মাষ্টার, দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের সভাপতি মুফা, সাধারণ সম্পাদক পলাশ, সাবেক সেনা সদস্য আব্দুল হামিদ। সেখানে আরও দলের বিভিন্ন নেতা-কর্মীও উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় বিজয় দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভা

দামুড়হুদায় আগামী ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস এবং ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সকাল ১১টায় উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের সভাকক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস উদযাপন উপলক্ষে দিবসটির তাৎপর্য তুলে ধরতে বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হবে। এছাড়া সুবিধাজনক সময়ে উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা এবং ধর্মীয় বিভিন্ন প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও প্রার্থনা করা হবে।

১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এর মধ্যে রয়েছে: কুচকাওয়াজ, সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানগুলিতে আলোকসজ্জা, সূর্যোদয়ের সঙ্গে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসের সূচনা, জাতীয় সংগীত পরিবেশন ও জাতীয় পতাকা উত্তলন। এছাড়া ৩ দিনব্যাপী বিজয় মেলার আয়োজন, বীর মুক্তিযোদ্ধা, শহীদ ও যোদ্ধা পরিবারের সংবর্ধনা, বিশেষ আলোচনা সভা, রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা, সরকারি হাসপাতাল ও এতিমখানায় উন্নতমানের খাবার পরিবেশন, হা-ডু-ডু ও ফুটবল খেলা, মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্র প্রদর্শন এবং উপজেলার বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে মোনাজাত ও প্রার্থনা অন্তর্ভুক্ত থাকবে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) কে. এইচ. তাসফিকুর রহমানের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন: উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মশিউর রহমান, কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, দর্শনা থানা বিএনপির সভাপতি ও বীর মুক্তিযোদ্ধা খাজা আবুল হাসনাত, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি শামসুজোহা পলাশ, দামুড়হুদা থানা জামাতের আমীর নায়েব আলী, সেক্রেটারি জেনারেল আবেদ উদ্দৌলা টিটন, সমাজসেবা কর্মকর্তা

তোফাজ্জেল হক, শিক্ষা কর্মকর্তা আবু হাসান, মাধ্যমিক একাডেমিক সুপারভাইজার রাফিজুল ইসলাম, দামুড়হুদা মডেল থানার এসআই মাহাবুল হক, বীর মুক্তিযোদ্ধা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক প্রতিনিধি, সুধীবৃন্দ, ছাত্র প্রতিনিধি এবং উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

দামুড়হুদায় ২৫ বছর পর পৈতৃক জমি ফিরে পেল পরিবার

দামুড়হুদা উপজেলার বদনপুর গ্রামে দীর্ঘ ২৫ বছর মামলা চালানোর পর আদালতের রায়ে ফিরে পেল নিজের পৈত্রিক ১১.৪৭ একর জমি।

গতকাল রবিবার সকাল ১০টায় চুয়াডাঙ্গা জজ কোর্টের অ্যাডভোকেট কমিশনার একলাছুর রহমান কাজল, অ্যাডভোকেট কমিশনার আব্দুল আল মামুন এরশাদ এজিপি, জজ কোর্টের নাজির নজরুল ইসলাম, জজ কোর্টের ওভায় প্রসেস সার্ভার হাসেম আলী আমজাদ হোসেন উপস্থিত থেকে জমিটি প্রকৃত মালিকের দখলে প্রদান করেন।

আদালতের রায়ের কপি থেকে জানা যায়, দামুড়হুদা উপজেলার পাঠাচোরা গ্রামের মৃত গোলাম হোসেনের ছেলে আলম বাক্স বাদী হয়ে একই গ্রামের মৃত দেহেত্র আলীর ছেলে আফসার আলীর বিরুদ্ধে ২০০২ সালে চুয়াডাঙ্গা সাব-জজ আদালত-১-এ বদনপুর মৌজার বিভিন্ন দাগ উল্লেখ করে ১৬.৬২ একর জমির মধ্যে ১১.৪৭ একর জমির পওনা মামলার জন্য মামলা দায়ের করেন (মামলা নম্বর: ১/২৩)।

দীর্ঘ ২৫ বছর মামলা চালানোর পর গত ৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখে আলম বাক্সের পক্ষে রায় দেন সাব-জজ আদালত-১ এর যুগ্ম জেলা জজ ইয়ারব হোসেন। পরে জমি দখলের জন্য জজ আদালতে আবেদন করলে আদালতের নির্দেশে জজ কোর্টের কমিশনার ও নাজির উপস্থিত থেকে ঢাকঢোল বাজিয়ে জমি প্রকৃত মালিক গোলাম হোসেনের ছেলে সালাউদ্দিন-কে বুঝিয়ে দেন।

ভুক্তভোগী সালাউদ্দিন বলেন, দীর্ঘ ২৫ বছর পর আমরা আমার বাবার

জমি ফেরত পেয়েছি। বাবার জীবদ্দশায় তিনি জমি দেখতে পারেননি, এটাই আমাদের আফসোস। দীর্ঘদিন মামলা চালিয়ে মহামান্য আদালত আমাদের পক্ষে রায় দিয়েছেন। তাই আমি মনে করি আইন সবার জন্য সমান। আজ জমি ফিরে পেয়ে আমাদের চোখে আনন্দের অশ্রু চলে আসছে।

জজ আদালতের কমিশনার অ্যাডভোকেট একলাছুর রহমান কাজল বলেন, আমরা মহামান্য আদালতের নির্দেশ অনুযায়ী প্রকৃত মালিকের জমি বুঝিয়ে দিতে এসেছি। এখানে কেউ কোনো বাধা প্রদান করেনি। আদালতের প্রতি সম্মান জানিয়ে আমরা কাজ করতে পেরেছি, এজন্য বিবাদীদের ধন্যবাদ জানাই। যদি বিবাদীদের কেউ কিছু বলার থাকে, তারা আদালতের মাধ্যমে দাবি করতে পারেন।

আলমডাঙ্গায় মেশিনে গলা কেটে শিশু শ্রমিকের মৃত্যু

আলমডাঙ্গা আনন্দধাম ক্যানেলপাড়ার ভাই বোন বেকারিতে মেশিনে গলা কেটে সোহান (১৪) নামের এক শিশু শ্রমিকের মৃত্যু হয়েছে।

রবিবার বেলা ১২টার দিকে বেকারির খামির মেশানো মেশিনে হাত আটকে গেলে এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, আলমডাঙ্গা আনন্দধাম এলাকার মৃত মান্নান হোসেনের ছেলে নাশির উদ্দিন দুই মাস আগে ভাই বোন বেকারি নামে একটি কারখানা স্থাপন করেন। নীলফামারি জেলার চাপড়া থানার চেয়ারম্যান পাড়া থেকে কাশেম আলীর ছেলে আদর আলি এবং মনিরুলের ছেলে সোহান কাজের সূত্রে আলমডাঙ্গায় এসে এই বেকারিতে কর্মরত ছিল।

রবিবার বেলা ১২টার দিকে খামির মেশানো মেশিনে ছুরি দিয়ে জমাট বাঁধা খামির ছাড়ানোর সময় অসাবধানতাবশত সোহানের হাত মেশিনে আটকে যায়। মুহূর্তেই তিনি মারাত্মক আহত হন এবং অতিরিক্ত রক্তক্ষরণে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

মৃত সোহানের মামাতো ভাই আদর আলি বলেন, আমরা দুই মাস ধরে এখানে

কাজ করি। আজ দুপুরে সোহান খামির ছাড়াতে গেলে হঠাৎ মেশিনে হাত আটকে যায়। আমরা দ্রুত বিদ্যুৎ বন্ধ করলেও ততক্ষণে তার মৃত্যু হয়ে যায়।

কারখানার মালিক নাশির উদ্দিন বলেন, দক্ষ শ্রমিক হিসেবে বয়স কম হলেও আমরা তাদের কাজে নিয়েছিলাম। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে মেশিনে হাত আটকে গিয়ে গলা কেটে সে মারা গেছে। এটি অত্যন্ত দুঃখজনক ঘটনা।

আলমডাঙ্গা যুব অধিকার পরিষদের আহ্বায়ক কমিটি গঠন

যুব অধিকার পরিষদের আলমডাঙ্গা উপজেলা আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে।

নুরুল হক নূরের গণ অধিকার পরিষদের অঙ্গসংগঠন বাংলাদেশ যুব অধিকার পরিষদ, চুয়াডাঙ্গা জেলার আওতাধীন আলমডাঙ্গা উপজেলার আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে। গতকাল শনিবার গণ অধিকার পরিষদের সদস্য সচিব ইবনুর রশিদ মাসুকের স্বাক্ষরিত প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে আগামী ৩ মাসের জন্য এই আহ্বায়ক কমিটিকে অনুমোদন দেওয়া হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা যুব অধিকার পরিষদের সভাপতি মো. সাইফুল ইসলাম এবং সাধারণ সম্পাদক মো. সরোয়ার উদ্দিনের স্বাক্ষরে এই কমিটি ঘোষণা করা হয়।

উক্ত কমিটিতে আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন আলমডাঙ্গা কোর্টপাড়া নিবাসী নির্বাচন অফিস কর্মকর্তা মোহাম্মদ রুহুল আমিন এবং সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন মোহাম্মদ আব্দুল মমিন।

নবগঠিত কমিটির সকলেই চুয়াডাঙ্গা জেলা বাসীর কাছে দোয়া ও সমর্থন চেয়েছেন।

উল্লেখযোগ্য বিষয় হলো আগামী এক সপ্তাহের মধ্যে আলমডাঙ্গা উপজেলা গণ অধিকার পরিষদ এবং ছাত্র অধিকার পরিষদের কমিটি দেওয়া

হবে বলে জানানো হয়েছে।